বাংলাদেশ তৈল, গ্যাস ও খনিজ সম্পদ করপোরেশন (পেট্রোবাংলা)
Bangladesh Oil, Gas & Mineral Corporation (Petrobangla)

বিদ্যুৎ ও জ্বালানি নিরাপত্তা সর্বোচ্চ অগ্রাধিকার

স্মারক নম্বর: ২৮.০২.০০০০.০১১.২৬.০২৬.২১.৩১

তারিখ: ১৫ পৌষ ১৪২৮ বঙ্গাব্দ / ৩০ ডিসেম্বর ২০২১খ্রিস্টাব্দ

অবৈধ গ্যাস সংযোগ থেকে বিরত থাকুন,
দুর্নীতি রোধে সহায়তা করুন

# নিয়োগ বিজ্ঞপ্তি

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ কর্তৃক স্মারক নম্বর: ২৮.০০.০০০০.০২১.১১.০০৪. ১৭.৩৮১, তারিখ: ১০.১০.২০২১ খ্রি.-মূলে প্রদত্ত ছাড়পত্র অনুযায়ী বাংলাদেশ তৈল, গ্যাস ও খনিজ সম্পদ করপোরেশন (পেট্রোবাংলা)-এর জন্য নিম্নবর্ণিত শূন্যপদসমূহে লোকবল নিয়োগের নিমিত্ত নিম্নলিখিত শর্তাদি পূরণ সাপেক্ষে বাংলাদেশের প্রকৃত নাগরিকদের নিকট হতে দরখাস্ত আহ্বান করা যাচ্ছে:

| ক্রমিক নম্বর | পদের নাম | পদ সংখ্যা | বেতনস্কেল ও গ্রেড (জাতীয় বেতনস্কেল, ২০১৫) | বয়সসীমা | শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা |
|---|---|---|---|---|---|
| ১। | সহকারী ব্যবস্থাপক (প্রশাসনিক পদ) | ১০ (দশ)টি | টা: ২২০০০-৫৩০৬০ (গ্রেড-৯) | অনূর্ধ্ব ৩০ (ত্রিশ) বছর | প্রথম শ্রেণি/সমমানের সিজিপিএ-এর স্নাতকোত্তর অথবা দ্বিতীয় শ্রেণি/সমমানের সিজিপিএ-এর স্নাতকোত্তরসমেত সম্মানে দ্বিতীয় শ্রেণি/সমমানের সিজিপিএ। অথবা ৪ (চার) বছর মেয়াদী দ্বিতীয় শ্রেণি/সমমানের সিজিপিএ-এর অনার্স ডিগ্রী। |
| ২। | সহকারী ব্যবস্থাপক (অর্থ বিষয়ক পদ) | ১০ (দশ)টি | টা: ২২০০০-৫৩০৬০ (গ্রেড-৯) | অনূর্ধ্ব ৩০ (ত্রিশ) বছর | বাণিজ্য বিষয়ে প্রথম শ্রেণি/সমমানের সিজিপিএ-এর স্নাতকোত্তর অথবা দ্বিতীয় শ্রেণি/সমমানের সিজিপিএ-এর স্নাতকোত্তরসহ সম্মানে দ্বিতীয় শ্রেণি/ সমমানের সিজিপিএ/সিএ অথবা আইসিএমএ (ইন্টারমেডিয়েট)/এমবিএ। অথবা বাণিজ্য বিষয়ে ৪ (চার) বছর মেয়াদী দ্বিতীয় শ্রেণি/সমমানের সিজিপিএ-এর অনার্স ডিগ্রী। |
| ৩। | সহকারী ব্যবস্থাপক (পেট্রোলিয়াম ইঞ্জিনিয়ারিং) | ৩ (তিন)টি | টা: ২২০০০-৫৩০৬০ (গ্রেড-৯) | অনূর্ধ্ব ৩০ (ত্রিশ) বছর | পেট্রোলিয়াম ডিসিপ্লিনে দ্বিতীয় শ্রেণি/সমমানের সিজিপিএ-এর বিএসসি ইঞ্জিনিয়ারিং ডিগ্রী। অথবা সংশ্লিষ্ট বিষয়ে সরকারি/আধা-সরকারি/স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানে ৫ (পাঁচ) বছরের অভিজ্ঞতাসমেত পেট্রোলিয়াম ডিসিপ্লিনে দ্বিতীয় শ্রেণি/সমমানের সিজিপিএ-এর ডিপ্লোমা-ইন-ইঞ্জিনিয়ারিং। |
| ৪। | সহকারী ব্যবস্থাপক (এনভায়রনমেন্ট এন্ড সেইফটি) | ২ (দুই)টি | টা: ২২০০০-৫৩০৬০ (গ্রেড-৯) | অনূর্ধ্ব ৩০ (ত্রিশ) বছর | পরিবেশ বিজ্ঞান (এনভায়রনমেন্টাল সায়েন্স) বিষয়ে প্রথম শ্রেণি/সমমানের সিজিপিএ-এর স্নাতকোত্তর অথবা দ্বিতীয় শ্রেণি/সমমানের সিজিপিএ-এর স্নাতকোত্তরসহ সম্মানে দ্বিতীয় শ্রেণি/ সমমানের সিজিপিএ। অথবা পরিবেশ বিজ্ঞান (এনভায়রনমেন্টাল সায়েন্স) বিষয়ে ৪ (চার) বছর মেয়াদী দ্বিতীয় শ্রেণি/সমমানের সিজিপিএ-এর অনার্স ডিগ্রী। |



PETROCENTRE, 3 Kawran Bazar C/A, Dhaka-1215, **GPO** Box No. 849, **Phone :** +88-02-8189944, **Fax :** +88-02-55014103
**Website :** www.petrobangla.org.bd, **E-mail :** petrochair@gmail.com; petchair@petrobangla.org.bd

| ক্রমিক নম্বর | পদের নাম | পদ সংখ্যা | বেতনস্কেল ও গ্রেড (জাতীয় বেতনস্কেল, ২০১৫) | বয়সসীমা | শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা |
|---|---|---|---|---|---|
| ৫। | সহকারী ব্যবস্থাপক (জিওলজি/জিওফিজিক্স) | ২ (দুই)টি | টা: ২২০০০-৫৩০৬০ (গ্রেড-৯) | অনূর্ধ্ব ৩০ (ত্রিশ) বছর | জিওলজি/জিওফিজিক্স বিষয়ে প্রথম শ্রেণি/সমমানের সিজিপিএ-এর স্নাতকোত্তর অথবা দ্বিতীয় শ্রেণি/সমমানের সিজিপিএ-এর স্নাতকোত্তরসহ সম্মানে দ্বিতীয় শ্রেণি/সমমানের সিজিপিএ। অথবা উক্ত বিষয়ে ৪ (চার) বছর মেয়াদী দ্বিতীয় শ্রেণি/সমমানের সিজিপিএ-এর অনার্স ডিগ্রী। |
| ৬। | সহকারী ব্যবস্থাপক (হার্ডওয়্যার/সফটওয়্যার) | ২ (দুই)টি | টা: ২২০০০-৫৩০৬০ (গ্রেড-৯) | অনূর্ধ্ব ৩০ (ত্রিশ) বছর | কম্পিউটার বিজ্ঞান বিষয়ে প্রথম শ্রেণি/সমমানের সিজিপিএ-এর স্নাতকোত্তর অথবা দ্বিতীয় শ্রেণি/সমমানের সিজিপিএ-এর স্নাতকোত্তরসহ সম্মানে দ্বিতীয় শ্রেণি/সমমানের সিজিপিএ। অথবা কম্পিউটার বিজ্ঞান বিষয়ে ৪ (চার) বছর মেয়াদী দ্বিতীয় শ্রেণি/সমমানের সিজিপিএ-এর অনার্স ডিগ্রী।<br><br>অথবা কম্পিউটার সায়েন্স এন্ড ইঞ্জিনিয়ারিং /ইলেকট্রিক্যাল এন্ড ইলেকট্রোনিক্স ইঞ্জিনিয়ারিং/ইনফরমেশন এন্ড কমিউনিকেশন টেকনোলজি সংশ্লিষ্ট বিষয়ে অন্যূন দ্বিতীয় শ্রেণি/সমমানের সিজিপিএ-এর স্নাতক (সম্মান) ডিগ্রী।<br><br>অথবা সংশ্লিষ্ট বিষয়ে সরকারি/আধা-সরকারি/স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানে ৫ (পাঁচ) বছরের অভিজ্ঞতাসমেত উল্লিখিত ডিসিপ্লিনে দ্বিতীয় শ্রেণি/সমমানের সিজিপিএ-এর ডিপ্লোমা-ইন-ইঞ্জিনিয়ারিং। |
| ৭। | সহকারী ব্যবস্থাপক (মেকানিক্যাল ইঞ্জিনিয়ারিং) | ২ (দুই)টি | টা: ২২০০০-৫৩০৬০ (গ্রেড-৯) | অনূর্ধ্ব ৩০ (ত্রিশ) বছর | মেকানিক্যাল ডিসিপ্লিনে দ্বিতীয় শ্রেণি/সমমানের সিজিপিএ-এর বিএসসি ইঞ্জিনিয়ারিং ডিগ্রী। অথবা সংশ্লিষ্ট বিষয়ে সরকারি/আধা-সরকারি/স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানে ৫ (পাঁচ) বছরের অভিজ্ঞতাসমেত মেকানিক্যাল ডিসিপ্লিনে দ্বিতীয় শ্রেণি/সমমানের সিজিপিএ-এর ডিপ্লোমা-ইন-ইঞ্জিনিয়ারিং। |



PETROCENTRE, 3 Kawran Bazar C/A, Dhaka-1215, **GPO** Box No. 849, **Phone :** +88-02-8189944, **Fax :** +88-02-55014103
**Website :** www.petrobangla.org.bd, **E-mail :** petrochair@gmail.com; petchair@petrobangla.org.bd

| ক্রমিক নম্বর | পদের নাম | পদ সংখ্যা | বেতনস্কেল ও গ্রেড (জাতীয় বেতনস্কেল, ২০১৫) | বয়সসীমা | শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা |
|---|---|---|---|---|---|
| ৮। | সহকারী ব্যবস্থাপক (সিভিল ইঞ্জিনিয়ারিং) | ২ (দুই)টি | টা: ২২০০০-৫৩০৬০ (গ্রেড-৯) | অনূর্ধ্ব ৩০ (ত্রিশ) বছর | সিভিল ডিসিপ্লিনে দ্বিতীয় শ্রেণি/সমমানের সিজিপিএ-এর বিএসসি ইঞ্জিনিয়ারিং ডিগ্রী। অথবা সংশ্লিষ্ট বিষয়ে সরকারি/আধা-সরকারি/স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানে ৫ (পাঁচ) বছরের অভিজ্ঞতাসমেত সিভিল ডিসিপ্লিনে দ্বিতীয় শ্রেণি/সমমানের সিজিপিএ-এর ডিপ্লোমা-ইন-ইঞ্জিনিয়ারিং। |
| ৯। | সহকারী ব্যবস্থাপক (ইলেক্ট্রিক্যাল ইঞ্জিনিয়ারিং) | ১ (এক)টি | টা: ২২০০০-৫৩০৬০ (গ্রেড-৯) | অনূর্ধ্ব ৩০ (ত্রিশ) বছর | ইলেক্ট্রিক্যাল ডিসিপ্লিনে দ্বিতীয় শ্রেণি/সমমানের সিজিপিএ-এর বিএসসি ইঞ্জিনিয়ারিং ডিগ্রী। অথবা সংশ্লিষ্ট বিষয়ে সরকারি/আধা-সরকারি /স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানে ৫ (পাঁচ) বছরের অভিজ্ঞতাসমেত ইলেক্ট্রিক্যাল ডিসিপ্লিনে দ্বিতীয় শ্রেণি/সমমানের সিজিপিএ-এর ডিপ্লোমা-ইন-ইঞ্জিনিয়ারিং। |
| ১০। | সহকারী ব্যবস্থাপক (চিকিৎসা) | ১ (এক)টি | টা: ২২০০০-৫৩০৬০ (গ্রেড-৯) | অনূর্ধ্ব ৩০ (ত্রিশ) বছর | এমবিবিএস ডিগ্রী এবং বিএমডিসি-এর রেজিস্ট্রেশনভুক্ত হতে হবে। |

**অন্যান্য শর্তাবলী:**

১। **বয়সসীমা (age limit) : ২৫.০৩.২০২০ খ্রি. তারিখে বয়স :**

(ক) জনপ্রশাসন মন্ত্রণালয়ের পত্র নম্বর: ০৫.০০.০০০০.১৭০.১১.০১৭.২০-১৪৩, তারিখ: ১৯.০৮.২০২১ খ্রি. অনুযায়ী উল্লিখিত তারিখে প্রার্থীর বয়স ১৮ (আঠার) হতে ৩০ (ত্রিশ) বছরের মধ্যে হতে হবে।

(খ) মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার পুত্র-কন্যা এবং প্রতিবন্ধী প্রার্থীর ক্ষেত্রে বয়স ১৮ (আঠার) হতে ৩২ (বত্রিশ) বছরের মধ্যে হতে হবে।

(গ) মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার পুত্র-কন্যার পুত্র-কন্যা এরূপ প্রার্থীর ক্ষেত্রে বয়স ১৮ (আঠার) হতে ৩০ (ত্রিশ) বছরের মধ্যে হতে হবে।

(ঘ) বয়স প্রমাণের ক্ষেত্রে স্বীকৃত শিক্ষাবোর্ড কর্তৃক প্রদত্ত এসএসসি/সমমানের পরীক্ষায় উত্তীর্ণ সার্টিফিকেটে লিপিবদ্ধ জন্ম তারিখ প্রকৃত জন্ম তারিখ হিসেবে গণ্য করা হবে।

(ঙ) বয়স সংক্রান্ত কোন এফিডেভিট (affidavit) গ্রহণযোগ্য হবে না। চাকরি প্রার্থীর বয়স কম বা বেশী হলে, আবেদনপত্র বাতিল বলে গণ্য হবে।

২। **অনলাইনে আবেদনপত্র পূরণ এবং পরীক্ষার ফি জমাদান শুরু ও শেষ হওয়ার তারিখ ও সময়:**

(ক) ১৬.০১.২০২২ খ্রি. তারিখ সকাল ১০:০০ ঘটিকা থেকে আবেদনপত্র দাখিল এবং পরীক্ষার ফি জমাদান শুরু হবে।

(খ) ১৫.০২.২০২২ খ্রি. তারিখ বিকাল ৫:০০ ঘটিকার মধ্যে আবেদনপত্র জমাদান অবশ্যই সম্পন্ন করতে হবে।

(গ) শুধুমাত্র User ID প্রাপ্ত প্রার্থীগণ উক্ত সময়ের পরবর্তী ৭২ ঘন্টা পর্যন্ত (অর্থাৎ ১৮.০২.২০২২ খ্রি. তারিখ বিকাল ৫:০০ ঘটিকা পর্যন্ত) এসএমএস-এর মাধ্যমে ফি জমা দিতে পারবেন। নির্ধারিত তারিখ ও সময়ের পরে কোন আবেদনপত্র গ্রহণ করা হবে না।



PETROCENTRE, 3 Kawran Bazar C/A, Dhaka-1215, **GPO** Box No. 849, **Phone :** +88-02-8189944, **Fax :** +88-02-55014103
**Website :** www.petrobangla.org.bd, **E-mail :** petrochair@gmail.com; petchair@petrobangla.org.bd

৩। **অনলাইনে আবেদন করার পদ্ধতি :**

(ক) চাকরি প্রার্থীকে টেলিটক বাংলাদেশ লিঃ-এর web address (http://bogmc.teletalk.com.bd) অথবা বাংলাদেশ তৈল, গ্যাস ও খনিজ সম্পদ করপোরেশন (পেট্রোবাংলা)-এর web address (www.petrobangla.org.bd)-এর মাধ্যমে জনপ্রশাসন মন্ত্রণালয়ের পরিপত্র নম্বর: ০৫.১১০.০০০০.০০.০০.০৮৯.১৪.০১, তারিখ: ২৯.১২.২০১৪ খ্রি. অনুযায়ী চাকরির আবেদনপত্রের মডেল ফরম অনুসরণে পেট্রোবাংলা কর্তৃক নির্ধারিত ফরমে আবেদনপত্র পূরণ করে Online Registration কার্যক্রম এবং ফি জমা প্রদান করতে হবে।

(খ) উল্লিখিত ওয়েবসাইট ওপেন করলে Advertisement, Instruction for Submitting Application এবং ১০ (দশ) ক্যাটাগরীর পদের জন্য নির্ধারিত application form (আবেদন ফরম)-এর রেডিও বাটন দেখা যাবে। Advertisement-এর রেডিও বাটন ক্লিক করলে বিজ্ঞাপন পাওয়া যাবে। বাংলাদেশ তৈল, গ্যাস ও খনিজ সম্পদ করপোরেশন (পেট্রোবাংলা)-এর web address (www.petrobangla.org.bd)-এ আবেদনপত্র পূরণের বিস্তারিত নির্দেশনা দেয়া আছে। ফরম পূরণের পূর্বে প্রার্থী instructions অংশটি download করতঃ প্রতিটি নির্দেশনা ভালভাবে আয়ত্ত করে application form-এর প্রতিটি field-এ প্রদত্ত তথ্য/নির্দেশনা অনুসরণ করে ফরম পূরণ করবে। লাল তারকা চিহ্ন field-সমূহ অবশ্যই পূরণ করতে হবে। ফরমে জাতীয় পরিচয়পত্র (NID) নম্বর/জন্ম নিবন্ধন নম্বর অবশ্যই দাখিল করতে হবে।

(গ) ছবি (Photo): আবেদন ফরম (Application Form) সঠিকভাবে পূরণ সম্পন্ন হলে, Application ফরমটির Preview দেখা যাবে। Preview-এর নির্ধারিত স্থানে প্রার্থীকে নির্দিষ্ট মাপের নিজের রঙিন ছবি scan করে upload করতে হবে। সাদা-কালো ছবি গ্রহণযোগ্য হবে না। উল্লেখ্য, ছবির আকার হতে হবে ৩০০×৩০০ Pixel (JPG Format), কোনভাবেই এর কম/বেশী নয় এবং file size হবে সর্বোচ্চ ১০০ KB. উল্লিখিত মাপের ছবি না হলে, আবেদনপত্র বাতিল হবে। সাইড ভিউ/সানগ্লাসসহ ছবি গ্রহণযোগ্য হবে না। Home Page-এর Help Menu-তে ক্লিক করলে Photo এবং Signature সম্পর্কে বিস্তারিত নির্দেশনা পাওয়া যাবে।

(ঘ) স্বাক্ষর (Signature) : application preview-তে স্বাক্ষরের জন্য নির্ধারিত স্থানে নিজের স্বাক্ষর scan করে upload করতে হবে। উল্লেখ্য, স্বাক্ষরের আকার হবে ৩০০×৮০ Pixel (JPG Format), কোনভাবেই এর কম বা বেশী নয় এবং file size হবে সর্বোচ্চ ৬০ KB. উল্লিখিত নির্দেশনা অনুযায়ী প্রার্থীর নির্দিষ্ট মাপের স্বাক্ষর না হলে আবেদনপত্র বাতিল বলে গণ্য হবে।

(ঙ) ঘোষণা (Declaration) : প্রার্থীকে অনলাইন আবেদনপত্রের (Application Form) ডিক্লারেশন অংশে এ মর্মে ঘোষণা দিতে হবে যে, আবেদনপত্রে প্রদত্ত সকল তথ্য সঠিক এবং সত্য। অসত্য বা মিথ্যা প্রমানিত হলে অথবা কোন অযোগ্যতা ধরা পড়লে বা কোন অনিয়মের আশ্রয় গ্রহণ করলে, পরীক্ষার পূর্বে বা পরে যে কোন পর্যায়ে প্রার্থিতা বাতিল এবং ভবিষ্যতে পেট্রোবাংলা কর্তৃক তার বিরুদ্ধে যে কোন আইনগত ব্যবস্থা গ্রহণ করা যাবে।

(চ) এসএমএস পাঠানোর নিয়মাবলী ও পরীক্ষার ফি প্রদান : অনলাইনে আবেদনপত্র (Application Form) যথাযথভাবে পূরণপূর্বক নির্দেশনামতে ছবি এবং signature upload করে প্রার্থী কর্তৃক আবেদনপত্র submission সম্পন্ন হলে, কম্পিউটারে ছবিসহ Application Preview কপি দেখা যাবে। নির্ভুলভাবে আবেদনপত্র submit করা সম্পন্ন হলে, প্রার্থী একটি User ID-সহ ছবি এবং স্বাক্ষরযুক্ত একটি applicant's copy পাবে। উক্ত applicant's copy প্রার্থীকে প্রিন্ট অথবা download করে সংরক্ষণ করতে হবে। applicant's কপিতে একটি User ID দেয়া থাকবে এবং User ID ব্যবহার করে টেলিটক বাংলাদেশ লিঃ কর্তৃক এসএমএস-এর মাধ্যমে প্রদত্ত নির্দেশনা অনুসারে প্রার্থী নিম্নোক্ত পদ্ধতিতে যে কোন Teletalk pre-paid mobile নম্বরের মাধ্যমে SMS করে পরীক্ষার ফি বাবদ ৫০০/- (পাঁচশত) টাকা (অফেরৎযোগ্য) জমা দিতে হবে।

*(i) প্রথম SMS : BOGMC <space> User_ID লিখে send করুন ১৬২২২ নম্বরে।*
*Example : BOGMC M27313 and send to 16222.*

*Reply : with verification, Applicant's Name, Post name, text as per BOGMC and generation of a PIN. Tk. 500.00 will be charged as application fee. Your PIN is (8 digit number) 12345678.*

*(ii) দ্বিতীয় SMS : BOGMC <space>yes<space>PIN লিখে send করুন ১৬২২২ নম্বরের।*
*Example : BOGMC YES 12345678*

*Reply: Congratulation Applicant's Name, payment completed successfully for BOGMC Application for xxxxxxxxxxxx User ID is (xxxxxx) and password (xxxxxx).*

***"বিশেষভাবে উল্লেখ্য, আবেদনপত্রের সকল অংশ পূরণ করে submission করা হলেও পরীক্ষার ফি জমা না দেয়া পর্যন্ত আবেদনপত্র কোন অবস্থাতেই গ্রহণ করা হবে না"।***

(ছ) প্রবেশপত্র প্রাপ্তির বিষয়টি http://bogmc.teletalk.com.bd অথবা বাংলাদেশ তৈল, গ্যাস ও খনিজ সম্পদ করপোরেশন (পেট্রোবাংলা)-এর ওয়েবসাইটে (www.petrobangla.org.bd) এবং প্রার্থীর মোবাইল ফোনে SMS-এর মাধ্যমে (শুধু যোগ্য প্রার্থীদের) যথাসময়ে জানানো হবে। online আবেদনপত্রে প্রার্থীর প্রদত্ত মোবাইল ফোনে পরীক্ষা সংক্রান্ত যাবতীয় যোগাযোগ সম্পন্ন করা হবে বিধায় উক্ত নম্বরটি সার্বক্ষণিক সচল রাখা, SMS read করা এবং প্রাপ্ত নির্দেশনা তাৎক্ষণিকভাবে অনুসরণ করা বাঞ্চনীয়।

SMS-এ প্রেরিত User ID এবং Password ব্যবহার করে পরবর্তীতে রোল নম্বর, পদের নাম, ছবি, পরীক্ষার তারিখ, সময় ও ভেন্যু'র নাম ইত্যাদি তথ্যসংবলিত প্রবেশপত্র প্রার্থী download-পূর্বক প্রিন্ট (সম্ভব হলে রঙিন) করে নিবেন। প্রার্থী এ প্রবেশপত্রটি লিখিত পরীক্ষায় অংশগ্রহণের সময়ে এবং উত্তীর্ণ হলে, মৌখিক পরীক্ষার সময়ে অবশ্যই প্রদর্শন করবেন।

(জ) শুধু টেলিটক প্রি-পেইড মোবাইল ফোন থেকে প্রার্থীগণ নিম্নবর্ণিত এসএমএস পদ্ধতি অনুসরণ করে নিজ নিজ *User ID, Serial* এবং *PIN* পুনরুদ্ধার করতে পারবেন। *User ID* জানা থাকলে, *BOGMC <Space>Help<Space>User<Space>User ID & sent to 16222.*

*Example: BOGMC HELP USER ABCDEF*

*PIN* নম্বর জানা থাকলে, *BOGMC <Space> Help<Space>PIN<Space>PIN No. & send to 16222.*

*Example: BOGMC HELP PIN 12345678*

৪। লিখিত পরীক্ষা ও মৌখিক পরীক্ষার নোটিশ প্রার্থীর মোবাইলে SMS-এর মাধ্যমে এবং পেট্রোবাংলার ওয়েবসাইট (www.petrobangla.org.bd) এবং পেট্রোবাংলার নোটিশ বোর্ডের মাধ্যমে জানানো হবে।

৫। গ্রহণযোগ্য চাকরি প্রার্থীদের লিখিত পরীক্ষা গ্রহণ করা হবে। লিখিত পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীদের মধ্য থেকে ১:৬ অনুপাতে অর্থাৎ ১টি পদের বিপরীতে সর্বাধিক ৬জন প্রার্থীকে সাক্ষাৎকার/মৌখিক পরীক্ষায় অংশগ্রহণের জন্য আহ্বান করা হবে। তবে, লিখিত পরীক্ষায় একই নম্বর প্রাপ্ত একাধিক প্রার্থী হলে, তাদেরও সাক্ষাৎকার/মৌখিক পরীক্ষায় অংশগ্রহণের জন্য আহ্বান করা হবে। প্রার্থীদের সাক্ষাৎকার/মৌখিক পরীক্ষা গ্রহণকালে নির্ধারিত আবেদন ফরমে সংশ্লিষ্ট প্রার্থীর উল্লিখিত তথ্য প্রমাণের জন্য



PETROCENTRE, 3 Kawran Bazar C/A, Dhaka-1215, **GPO** Box No. 849, **Phone :** +88-02-8189944, **Fax :** +88-02-55014103
**Website :** www.petrobangla.org.bd, **E-mail :** petrochair@gmail.com; petchair@petrobangla.org.bd

আবশ্যিকভাবে নিম্নলিখিত কাগজপত্রাদি/সার্টিফিকেট মৌখিক পরীক্ষা/সাক্ষাৎকার গ্রহণকারী সংশ্লিষ্ট কমিটি/কর্তৃপক্ষের নিকট উপস্থাপন/জমা দিতে হবে :

(ক) শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা (যদি থাকে)-এর সকল মূল সার্টিফিকেট প্রদর্শন করতে হবে এবং এর সকল কপি (এক সেট) জমা দিতে হবে ;

(খ) সরকারি/স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানের ৯ম ও তদুর্ধ্ব গ্রেডভুক্ত (প্রথম শ্রেণি) কর্মকর্তা কর্তৃক প্রদত্ত চারিত্রিক সার্টিফিকেট;

(গ) ইউনিয়ন পরিষদ-এর চেয়ারম্যান, পৌরসভা/সিটি করপোরেশন-এর মেয়র বা ওয়ার্ড কাউন্সিলর কর্তৃক প্রার্থীর নিজ জেলা উল্লেখপূর্বক প্রদত্ত নাগরিকত্ব সার্টিফিকেট ;

(ঘ) প্রার্থীর জাতীয় পরিচয়পত্র (এনআইডি) অথবা জন্ম নিবন্ধন সনদপত্র (প্রার্থী কর্তৃক চাকরির আবেদন ফরমে যে তথ্য প্রদান করা হবে) ;

(ঙ) মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধাদের পুত্র-কন্যা এবং পুত্র-কন্যার পুত্র-কন্যা হিসেবে চাকরি প্রার্থীর পিতা/মাতা এবং পিতা-মাতার পিতা/মাতা মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধা হিসেবে বিবেচিত হবেন, প্রধানমন্ত্রীর কার্যালয়ের পত্র সংখ্যা-০৩.০৭৭.০১.০৪৬.০০.০৪.২০১০-৩৫৬, তারিখ: ০৭.১১.২০১০ খ্রি. মোতাবেক যাঁদের নাম মুক্তিবার্তা পত্রিকায় প্রকাশিত হয়েছিল; অথবা বাংলাদেশ গেজেটে প্রকাশিত হয়েছিল; অথবা যাঁরা মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনার স্বাক্ষরযুক্ত সনদপত্র (certificate) গ্রহণ করেছেন। এছাড়া, মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়ের পরিপত্র নম্বর-৪৮.০০.০০০০.০০৩.২৫.০১৯.২০.৮৭৫, তারিখ: ১৮.১০.২০২০ খ্রি. অনুযায়ী উক্ত মন্ত্রণালয়ের ওয়েবসাইটে (www.molwa.gov.bd) সংরক্ষিত/প্রদর্শিত যে কোন একটি প্রমাণক থাকলে, তা সঠিক ও গ্রহণযোগ্য মর্মে বিবেচিত হবে। এক্ষেত্রে প্রমাণক হিসেবে সংশ্লিষ্ট মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার মূল সনদপত্র প্রদর্শন এবং এর সত্যায়িত কপিসহ চাকরি প্রার্থী মুক্তিযোদ্ধা বা শহীদ মুক্তিযোদ্ধার পুত্র-কন্যা বা পুত্র-কন্যার পুত্র-কন্যা এ মর্মে সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদ-এর চেয়ারম্যান বা পৌরসভা/সিটি করপোরেশন-এর মেয়র বা ওয়ার্ড কাউন্সিলর কর্তৃক প্রদত্ত প্রত্যয়নপত্র প্রদর্শন ও কপি জমা দিতে হবে।

(চ) চাকরি প্রার্থী একজন প্রতিবন্ধী এ মর্মে সরকারের সমাজ কল্যাণ মন্ত্রণালয়ের অধীন সংশ্লিষ্ট অফিস অথবা সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদ-এর চেয়ারম্যান বা পৌরসভা/সিটি করপোরেশন-এর মেয়র বা ওয়ার্ড কাউন্সিলর কর্তৃক প্রদত্ত প্রত্যয়নপত্র প্রদর্শন ও কপি জমা দিতে হবে।

(ছ) 'O Level' এবং 'A Level' পাস প্রার্থীর ক্ষেত্রে বাংলাদেশের শিক্ষা বোর্ড হতে ইস্যুকৃত সমমান সার্টিফিকেট (Equivalent Certificate) এবং বিদেশী বিশ্ববিদ্যালয় হতে অর্জিত ডিগ্রীর ক্ষেত্রে দেশের শিক্ষা মন্ত্রণালয়/সংশ্লিষ্ট কোন বিশ্ববিদ্যালয়/বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন (UGC) থেকে ইস্যুকৃত সমমান সার্টিফিকেট (Equivalent Certificate) মৌখিক পরীক্ষার সময় অবশ্যই প্রদর্শন এবং এর কপি দাখিল করতে হবে ;

(জ) সরকারি/আধা-সরকারি/স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানে কর্মরত প্রার্থীকে মৌখিক পরীক্ষার সময় অবশ্যই যথাযথ কর্তৃপক্ষের অনুমতিপত্র প্রদর্শন এবং এর কপি দাখিল করতে হবে ;

(ঝ) সকল সার্টিফিকেট/রেকর্ডপত্র সরকারি/স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানের ৯ম ও তদুর্ধ্ব গ্রেডভুক্ত (প্রথম শ্রেণি) কর্মকর্তা কর্তৃক অবশ্যই সত্যায়িত হতে হবে ;

৬। এ নিয়োগের ক্ষেত্রে জনপ্রশাসন মন্ত্রণালয়ের ০৪.১০.২০১৮ খ্রি. তারিখের পরিপত্রে (নম্বর-০৫.০০.০০০০.১৭০.১১.০৭.১৮-২৭৬) প্রদত্ত সরকারি বিধি/নির্দেশ মোতাবেক মেধার ভিত্তিতে নিয়োগ প্রদান করা হবে।



PETROCENTRE, 3 Kawran Bazar C/A, Dhaka-1215, **GPO** Box No. 849, **Phone :** +88-02-8189944, **Fax :** +88-02-55014103
**Website :** www.petrobangla.org.bd, **E-mail :** petrochair@gmail.com; petchair@petrobangla.org.bd

৭। যদি কোন প্রার্থী বাংলাদেশের নাগরিক নহেন, এরূপ কোন ব্যক্তিকে বিবাহ করে থাকেন বা বিবাহ করতে প্রতিশ্রুতিবদ্ধ হয়ে থাকেন, তা হলে তিনি আবেদনের অযোগ্য বিবেচিত হবেন।

৮। অসম্পূর্ণ/ভুল তথ্য সংবলিত/ত্রুটিপূর্ণ আবেদনপত্র কোন কারণ প্রদর্শন ব্যতিরেকে সরাসরি বাতিল বলে গণ্য হবে।

৯। কোন প্রার্থীর নিয়োগ লাভের পর তার প্রদত্ত কোন তথ্য-উপাত্ত মিথ্যা বা অসত্য বা অমিল প্রমাণিত হলে, নিয়োগ বাতিলসহ তার বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।

১০। নিয়োগের বিষয়ে কোন প্রকার সুপারিশ বা তদবির প্রার্থীর অযোগ্যতা হিসেবে বিবেচিত হবে।

১১। কোন প্রার্থী একাধিক পদের জন্য আবেদন করলে, তার সকল আবেদনপত্র বাতিল বলে বিবেচিত হবে।

১২। চাকরি প্রার্থীর লিখিত ও মৌখিক পরীক্ষায় অংশগ্রহণের জন্য কোন প্রকার টিএ/ডিএ প্রদান করা হবে না।

১৩। কোন কারণ দর্শানো ব্যতিরেকে নিয়োগকারী কর্তৃপক্ষ যে কোন আবেদনপত্র গ্রহণ অথবা বাতিল এবং এ নিয়োগ কার্যক্রমের আংশিক/সম্পূর্ণ পরিবর্তন/বাতিল/অকার্যকর করার এবং পদের সংখ্যা হ্রাস/বৃদ্ধির ক্ষমতা সংরক্ষণ করে। এ নিয়োগের ক্ষেত্রে নিয়োগকারী কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।

১৪। উপরে উল্লেখ করা হয়নি এমন ক্ষেত্রে বাংলাদেশ তৈল, গ্যাস ও খনিজ সম্পদ করপোরেশন (পেট্রোবাংলা)-এর কর্মচারী চাকরি প্রবিধানমালা-এর বিধানাবলী এবং জনপ্রশাসন মন্ত্রণালয় কর্তৃক জারীকৃত বিধি-বিধান প্রযোজ্য হবে।

মহাব্যবস্থাপক (প্রশাসন)
ও
সদস্য-সচিব, সংশ্লিষ্ট সিলেকশন কমিটি



PETROCENTRE, 3 Kawran Bazar C/A, Dhaka-1215, **GPO** Box No. 849, **Phone :** +88-02-8189944, **Fax :** +88-02-55014103
**Website :** www.petrobangla.org.bd, **E-mail :** petrochair@gmail.com; petchair@petrobangla.org.bd